# সিলেট বোর্ড-২০১৬

যুক্তিবিদ্যা-প্রথম পত্র

বিষয় কোড : | ১ | ২ | ১ |

সময়-২ ঘণ্টা ১০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান: ৬০

[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

১. জনাব রমিজ উদ্দিন কলেজে খুবই জনপ্রিয় শিক্ষক। যে কোনো বিষয় তিনি খুব সুন্দরভাবে উপস্থাপন করেন। অন্যের কথাবার্তায় ভুল থাকলেও তিনি তা শনাক্ত করে কৌশলে সংশোধন করিয়ে দেন। শাহীন ম্যাডাম ছাত্র-ছাত্রীদের কাছে একটি মডেল। তার মার্জিত আচরণ, শৈল্পিক চিন্তা এবং তার ছোট বাসাটির পরিচ্ছন্নতা ও সম্মুখে ফুলের বাগান তার উন্নত রুচিরই পরিচায়ক।
অন্যদিকে বড়ুয়া সাহেব খুবই সততার সাথে ওষুধ ব্যবসা চালিয়ে যাচ্ছেন। তার দোকানে ভেজাল ও মেয়াদোত্তীর্ণ কোনো ওষুধ নেই। লোক ঠকিয়ে মানুষের ক্ষতি করে রাতারাতি বড়লোক হওয়াকে তিনি রীতিমতো ঘৃণা করেন।

ক. যুক্তিবিদ্যা কোন ধরনের বিজ্ঞান? ১

খ. যুক্তিবিদ্যাকে আকারগত বিজ্ঞান বলা যায় কী? ২

গ. উদ্দীপকে বড়ুয়া সাহেবের কর্মকাণ্ড যুক্তিবিদ্যার কোন বিষয়টিকে নির্দেশ করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব রমিজ উদ্দিন স্যার ও শাহীন ম্যাডামের আচরণ ও কর্মকাণ্ড পাঠ্যবইয়ের আলোকে তুলনামূলক আলোচনা কর। ৪

২. আলিফ ও আকিব দুই ভাই ক্রিকেট খেলা পছন্দ করে। আলিফ ICC-এর সকল সদস্য রাষ্ট্রগুলো ভ্রমণ করে বলল, কিছু দেশের ক্রিকেট অবকাঠামো সুন্দর নয়। অন্যদিকে আকিব বলল, ICC-এর প্রতিটি ধনী দেশের অবকাঠামো হয় সুন্দর। আলিফ ও আলিফের এক বন্ধু জিসান বলল, ICC-এর সহযোগী সদস্য দেশগুলোর মধ্যে ইউরোপীয় সকল দেশগুলোর অবকাঠামো হয় সুন্দর।


ক. যুক্তিবাক্য কী? ১

খ. কোন ধরনের যুক্তিবাক্যে বিধেয় পদ ব্যাপ্য হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে আকিবের উক্তিটি কোন ধরনের যুক্তিবাক্যকে নির্দেশ করে? বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে আলিফ ও জিসানের উক্তি দুটির মধ্যে পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৩.




উদ্দীপক-১ উদ্দীপক-২

ক. পদ কী? ১

খ. পদে জাত্যর্থের ভূমিকা গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক-১ কোন যুক্তিবাক্য নির্দেশ করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ব্যাপ্যতার আলোকে উদ্দীপক-১ ও উদ্দীপক-২ এর পারস্পরিক সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

৪. পাখি ভাই একজন পেশাদার ঘটক। এ কাজে তিনি অত্যন্ত পারদর্শী। মুন্নি ও আশিক পাত্র-পাত্রী। পাত্র-পাত্রীর বায়োডাটা তিনি দুই পক্ষের কাছে পৌঁছে দিলেন। কিন্তু সমস্যা হচ্ছে পাত্র পক্ষ ও পাত্রী পক্ষ কেউ পাখি ভাইকে চেনেন না। কাজেই মুন্নির মামা বিষয়টি জানতে পেরে বাধা দিয়ে বললেন- এমন অপরিচিত ঘটকের মাধ্যমে বিয়ে হলে বিপর্যয় ঘটতে পারে।

ক. মাধ্যম অনুমান কী? ১

খ. সহানুমানের সিদ্ধান্ত আশ্রয়বাক্য হতে বেশি ব্যাপক নয় কেন? ব্যাখ্যা কর। ২

http://teachingbd.com

গ. ঘটক পাখি ভাই এর সাথে সহানুমানের তুলনাযোগ্য পদের কার্য বর্ণনা কর। ৩

ঘ. মুন্নির মামার বক্তব্য 'বিপর্যয়' কথাটি সহানুমানের কোন বিষয়টিকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৪

৫. নিচের যুক্তিসমূহ থেকে প্রশ্নগুলোর উত্তর দাও:

উদ্দীপক-১ কোনো N নয় M

∴ কোনো M নয় N

উদ্দীপক-২ কিছু N নয় M

∴ কিছু M নয় N

ক. আবর্তন কী? ১

খ. আবর্তনে কি সব সময় উদ্দেশ্য ও বিধেয়ের স্থান পরিবর্তন হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক-২ সঠিক কিনা? তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৩

ঘ. উদ্দীপক-১ ও উদ্দীপক-২ এর মধ্যকার সম্পর্ক তোমার পাঠ্যবইয়ের যে দিকটির নির্দেশ দেয়, তা ব্যাখ্যা কর। ৪

৬. নিচের দৃশ্যকল্প থেকে প্রশ্নগুলোর উত্তর দাও:

যদি সৃজনশীল প্রশ্নপত্রে পরীক্ষা হয় তাহলে ছাত্ররা ভালো করবে।
সৃজনশীল প্রশ্নপত্রে পরীক্ষা হয়েছে
∴ ছাত্ররা ভালো করবে।

দৃশ্যকল্প-১

যদি শিক্ষার্থীরা প্রশ্ন বুঝে তাহলে উত্তর করতে পারবে।
শিক্ষার্থীরা প্রশ্ন বোঝেনি
∴ শিক্ষার্থীরা উত্তর করতে পারবে না।

দৃশ্যকল্প-২

যদি প্রশ্ন শুদ্ধ হয় তাহলে শিক্ষার্থীরা বুঝতে পারবে।
শিক্ষার্থীরা বুঝতে পেরেছে
∴ প্রশ্ন শুদ্ধ হয়েছে

দৃশ্যকল্প-৩

ক. সহানুমান কী? ১

খ. আশ্রয়বাক্যগুলো সত্য হলে সিদ্ধান্তও সত্য হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-৩ এ মিশ্র ন্যায় অনুমানের কোন নিয়ম লঙ্ঘিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-১ ও দৃশ্যকল্প-২ এর মধ্যে কোনটি তোমার নিকট বেশি যুক্তিযুক্ত এবং কেন? ব্যাখ্যা কর। ৪

৭. দৃষ্টান্তগুলো থেকে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

সকল গায়ক হয় সংগীতপ্রিয়
আবির হয় গায়ক
∴ আবির হয় সংগীতপ্রিয়

যুক্তি-১

সকল নৃত্যশিল্পী হয় স্বাস্থ্য সচেতন
∴ কিছু স্বাস্থ্য সচেতন ব্যক্তি হয় নৃত্যশিল্পী

যুক্তি-২

লাল ফুল হয় সুন্দর
নীল ফুল হয় সুন্দর
সাদা ফুল হয় সুন্দর
∴ সকল ফুল হয় সুন্দর

যুক্তি-৩

Teachingbd.com

ক. অবরোহ অনুমান কী? ১

খ. অবরোহ অনুমান কি সবসময় নিশ্চিত সত্যতা প্রকাশ করতে পারে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ৩নং যুক্তিটি অনুমানের কোন প্রকারকে নির্দেশ করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে যুক্তি-১ ও যুক্তি-২ এর মধ্যে তুলনামূলক পার্থক্য আলোচনা কর। ৪

৮. নিচের দৃশ্যকল্পগুলো থেকে প্রশ্নগুলোর উত্তর দাও:

| |
|---|
| ঢাকা শহরে যত মানুষ আছে দেখা গেল তাদের কেউ সামাজিক নয়। সুতরাং বলা যায় সকল ঢাকাবাসীই অসামাজিক। |

দৃশ্যকল্প-১

| |
|---|
| খেলনা সাপকে অন্ধকার রাতে দেখে আসল সাপ মনে করে কেউ ভয়ে চিৎকার দিল। |

দৃশ্যকল্প-২

| |
|---|
| দাঁড়িয়ে থাকা দুটি ট্রেনের মধ্যে হঠাৎ নিজের ট্রেন চলছে ভেবে আনন্দে আত্মহারা হয়ে যাওয়া পরক্ষণই দেখা গেল পাশের ট্রেনটি চলছে। |

দৃশ্যকল্প-৩

ক. নিরীক্ষণ কী? ১

খ. পরীক্ষণ সব সময় কী সত্যতা নিশ্চিত করতে পারে— ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ এ নিরীক্ষণে কোন ধরনের অনুপপত্তিকে নির্দেশ করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ ও দৃশ্যকল্প-৩ এর দুটি যুক্তিই কি অবৈধ? পর্যালোচনা কর। ৪

৯. নিচের যুক্তিগুলো থেকে প্রশ্নগুলোর উত্তর দাও—

| |
|---|
| প্লেটো সক্রেটিসের শিষ্য<br>এরিস্টটল প্লেটোর শিষ্য<br>∴ এরিস্টটল সক্রেটিসের শিষ্য। |

যুক্তি-১

| |
|---|
| সকল কবি হয় সৃজনশীল<br>সকল দার্শনিক হয় কবি<br>∴ সকল দার্শনিক হয় সৃজনশীল। |

যুক্তি-২

| |
|---|
| সকল কবি হয় সৃজনশীল<br>সকল দার্শনিক হয় সৃজনশীল<br>∴ সকল দার্শনিক হয় কবি। |

যুক্তি-৩

ক. সত্যতা কী? ১

খ. যুক্তি সত্য হলেই কি বৈধ হবে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ১নং যুক্তিটিতে ন্যায় অনুমানের কোন নিয়ম লংঘিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. যুক্তি-২ ও যুক্তি-৩ এর মধ্যে তোমার মতে কোনটি সঠিক? মতামত দাও। ৪

teachingbd.com

http://teachingbd.com

# যুক্তিবিদ্যা প্রথম পত্র

বিষয় কোড: ১ ২ ১

সময়-৪০ মিনিট — বহুনির্বাচনি প্রশ্ন — পূর্ণমান: ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

**১. অবৈজ্ঞানিক আরোহের সিদ্ধান্ত কীরূপ?**
ক জটিল — খ নিশ্চিত
গ সরল — ঘ অনিশ্চিত

**২. জ্ঞানের প্রধান উৎস কী?**
ক অনুমান — খ প্রত্যক্ষণ
গ চিন্তা — ঘ পরীক্ষণ

**৩. একটি নিরপেক্ষ সহানুমানে থাকে—**
i. প্রধান পদ
ii. অপ্রধান পদ — iii. মধ্য পদ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii — খ i ও iii
গ ii ও iii — ঘ i, ii ও iii

**৪. 'মানুষ মরণশীল' বাক্যটিকে যুক্তিবাক্য না বলার যৌক্তিকতা কী?**
ক উদ্দেশ্যের অনুপস্থিতি
খ বিধেয়ের অনুপস্থিতি
গ সংযোজকের অনুপস্থিতি
ঘ বিয়োজকের অনুপস্থিতি

**৫. অবরোহ অনুমানের গতি কোন মুখী?**
ক ঊর্ধ্বমুখী — খ নিম্নমুখী
গ সমমুখী — ঘ বিপরীতমুখী

**৬. সকল অধ্যাপক হন জ্ঞানী—**
**উক্ত বাক্যের 'অধ্যাপক' পদ ব্যাপ্য হওয়ার যৌক্তিকতা হচ্ছে—**
i. আংশিক ব্যক্ত্যর্থ প্রকাশ করে
ii. সামগ্রিক ব্যক্ত্যর্থ প্রকাশ করে
iii. সামগ্রিক জাত্যর্থ প্রকাশ করে
**নিচের কোনটি সঠিক?**
ক i — খ ii
গ iii — ঘ i, ii ও iii

**৭. ট্রাফিকের লাল বাতি কী ধরনের প্রতীক?**
ক স্বাভাবিক — খ কৃত্রিম
গ চলক — ঘ ধ্রুবক

**উদ্দীপকটি পড়ে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও:**
মি. হানিফ বিশ্ববিদ্যালয়ের কয়েকজন ছাত্রের সাথে আলোচনা করে দেখলেন তারা সবাই ব্রাজিল দলের সমর্থক। তাই তিনি সিদ্ধান্ত গ্রহণ করলেন যে, বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্র ব্রাজিল দলের সমর্থক।

**৮. উদ্দীপকে কোন ধরনের ভ্রান্ত নিরীক্ষণ ঘটেছে?**
ক দৃষ্টান্তের অনিরীক্ষণ
খ ব্যক্তিগত ভ্রান্ত নিরীক্ষণ
গ সার্বজনীন ভ্রান্ত নিরীক্ষণ
ঘ প্রয়োজনীয় অবস্থার নিরীক্ষণ

**৯. মি. হানিফ কোন পদ্ধতির সাহায্যে সিদ্ধান্ত গ্রহণ করেন?**
ক অবরোহ — খ আরোহ
গ অন্বয়ী — ঘ ব্যতিরেকী

**১০. হুমায়ুন স্যার অত্যন্ত মনোমুগ্ধকর বাচনভঙ্গিতে কবিতা আবৃত্তি করেন। যা শুধু শুনতেই ইচ্ছে করে। হুমায়ুন স্যারের আবৃত্তি গুণটি কোন বিদ্যার বৈশিষ্ট্য প্রকাশ করে?**
ক নীতিবিদ্যা — খ যুক্তিবিদ্যা
গ কলাতত্ত্ব — ঘ নন্দনতত্ত্ব

**১১. 'যুক্তিবিদ্যা হলো দর্শনের সারসত্তা'— এ উক্তিটি কে করেছেন?**
ক এরিস্টটল — খ রাসেল
গ যোসেফ — ঘ কপি

**উদ্দীপকটি পড়ে ১২ নং প্রশ্নের উত্তর দাও:**
সেঁজুতি 'যদি ............ তাহলে' যোজক দ্বারা কতগুলো বাক্যকে একটি বাক্যে রূপান্তর করেন।

**১২. এটি সমর্থন করে—**
i. সংযৌগিক বাক্যকে — ii. প্রাকল্পিক বাক্যকে
iii. সংশ্লেষণমূলক বাক্যকে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii — খ i ও iii
গ ii ও iii — ঘ i, ii ও iii

**১৩. সত্য, সুন্দর ও মঙ্গলের আদর্শ নিয়ে দর্শনের কোন শাখায় আলোচনা করা হয়?**
ক জ্ঞানবিদ্যা — খ অধিবিদ্যা
গ মূল্যবিদ্যা — ঘ বাস্তববিদ্যা

**১৪. যুক্তিবিদ্যায় বাক্য বলতে কী বোঝায়?**
ক Sentence — খ Proposition
গ Denotation — ঘ Connotation

**১৫. হেতুপদকে কোনটি দ্বারা প্রতীকায়িত করা হয়?**
ক M — খ L
গ P — ঘ S

[বৈজ্ঞানিক আরোহ] + [অবৈজ্ঞানিক আরোহ] + [?]

**১৬. খালি ঘরে কোনটি বসবে?**
ক পূর্ণাঙ্গ আরোহ — খ যুক্তিসাম্যমূলক আরোহ
গ ঘটনা-সংযোজন — ঘ সাদৃশ্যমূলক আরোহ

**১৭. 'TERMINUS' শব্দের অর্থ নয় কোনটি?**
ক প্রান্ত — খ শেষ
গ সীমান্ত — ঘ সসীম

**উদ্দীপকটি পড়ে ১৮ নং প্রশ্নের উত্তর দাও:**
এ যাবৎ যত বক দেখেছি, সাদাই দেখেছি, সাদা ছাড়া অন্য রঙের বক দেখিনি। সুতরাং সকল বক হয় সাদা।

**১৮. উদ্দীপকের অনুমানটির বৈশিষ্ট্য হলো—**
i. সার্বিক যুক্তিবাক্য প্রতিষ্ঠা করে
ii. এর সিদ্ধান্ত সম্ভাব্য মাত্র
iii. এটি একটি বিজ্ঞানসম্মত অনুমান
**নিচের কোনটি সঠিক?**
ক i, ও ii — খ i ও iii
গ ii ও iii — ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে ১৯ নং প্রশ্নের উত্তর দাও:**
সাথী হয় মরণশীল
যূথি হয় মরণশীল
বিথী হয় মরণশীল
অতএব, সকল মানুষ হয় মরণশীল।

**১৯. উক্ত দৃষ্টান্তকে আরোহ অনুমান বলার যথার্থ কারণ—**
i. বিশেষ দৃষ্টান্তের ওপর নির্ভরশীল
ii. সার্বিক দৃষ্টান্তের ওপর নির্ভরশীল
iii. সিদ্ধান্ত আশ্রয়বাক্য থেকে ব্যাপক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii — খ i ও iii
গ ii ও iii — ঘ i, ii ও iii

**২০. যুক্তিবিদ্যার জনক কে?**
ক প্লেটো — খ ডেকার্ট
গ এরিস্টটল — ঘ লাইবনিজ

**২১. অবরোহ পদ্ধতিতে কীভাবে সিদ্ধান্ত টানা হয়?**
ক দুটি আশ্রয়বাক্য থেকে
খ তিনটি আশ্রয়বাক্য থেকে
গ কয়েকটি বিশেষ দৃষ্টান্ত থেকে
ঘ একটি সার্বিক দৃষ্টান্ত থেকে

http://teachingbd.com

২২. অপনয়ন অর্থ কী?
ক) গ্রহণ খ) বর্জন
গ) অপেক্ষা ঘ) পাওয়া

২৩. যুক্তিবিদ্যা ও নীতিবিদ্যার পার্থক্য কী ধরনের?
ক) আদর্শগত খ) প্রক্রিয়াগত
গ) জ্ঞানগত ঘ) সম্পর্কগত

২৪. *An Introduction to Logic* গ্রন্থের রচয়িতা কে?
ক) এরিস্টটল খ) জে. এস. মিল
গ) আই. এম. কপি ঘ) জোসেফ

২৫. মাহিবা দূরে ধোঁয়া উড়ছে দেখে অনুমান করল আগুন লেগেছে। কিন্তু কাছে গিয়ে দেখল ধোঁয়া নয়, সেটি ছিল কুয়াশা।
মাহিবার অনুমান কী নির্দেশ করে?
ক) উদাসীনতা খ) অবৈধ অনুমান
গ) ভ্রান্ত নিরীক্ষণ ঘ) কল্পনা

২৬. যুক্তিবিদ্যায় প্রতীকের ব্যবহার সীমিত কেন?
ক) প্রতীকের সংকট থাকায়
খ) প্রতীক দুর্বোধ্য হওয়ায়
গ) পদ্ধতিগত ত্রুটির কারণে
ঘ) ভাষার ব্যবহার বেশি হওয়ায়

২৭. Logike শব্দটি কোন ভাষার?
ক) জার্মান খ) ইংরেজি
গ) গ্রিক ঘ) ল্যাটিন

**উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও।**




২৮. উদ্দীপকে (?) চিহ্নিত স্থানে কী বসবে?
ক) মাধ্যম অনুমান খ) দ্বি-কল্প অনুমান
গ) অমাধ্যম অনুমান ঘ) নিরপেক্ষ অনুমান

২৯. উদ্দীপকের কোনটিতে উদ্দেশ্য ও বিধেয়ের স্থান পরিবর্তন করে সিদ্ধান্ত স্থাপন করা হয়?
ক) আবর্তন খ) প্রতিবর্তন
গ) অন্তরাবর্তন ঘ) বিরোধানুমান

৩০. পদের বিপরীত হ্রাস-বৃদ্ধির নিয়মটি একক পদের ক্ষেত্রে প্রযোজ্য নয় কেন?
ক) পরিবর্তন হয় না বলে
খ) নতুন পদের সৃষ্টি হয় বলে
গ) বিপরীত পদ হয়ে যায় বলে
ঘ) অর্থহীন হয়ে যায় বলে

৩১. নিচের কোনটি নিরপেক্ষ পদ?
ক) ছাত্র খ) শিক্ষক
গ) বিদ্যালয় ঘ) স্ত্রী

৩২. পবিত্র বলেন, নামবাচক পদগুলো প্রথমে অজাত্যর্থক এবং পরে জাত্যর্থক হয়। পবিত্রের বক্তব্যের সাথে সাদৃশ্য রয়েছে—
ক) মিলের খ) জেভন্সের
গ) পি. কে রায় ঘ) হ্যামিলটন

৩৩. কোনো গুণকে উপলক্ষণ বলার কারণ হলো—
i. জাত্যর্থের অংশ নয় বলে
ii. জাত্যর্থ থেকে অনিবার্যভাবে নিঃসৃত হয় বলে
iii. জাত্যর্থ থেকে ব্যাপক বলে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৪. আধুনিক যুক্তিবিদগণ ধ্রুবক প্রতীক ব্যবহার করেন কেন?
ক) বাক্য ব্যক্ত করার জন্য
খ) আকার প্রসারণের জন্য
গ) আকার ব্যক্ত করার জন্য
ঘ) বাক্যের সংক্ষেপণের জন্য

৩৫. জাতি ও উপজাতি দুটি কী পদ?
ক) নিরপেক্ষ খ) সাপেক্ষ
গ) নির্দিষ্ট ঘ) বিপরীত

৩৬. কপির সংজ্ঞায় যুক্তিবিদ্যার মূল উদ্দেশ্য ফুটে উঠেছে। যুক্তিবিদ্যার মূল উদ্দেশ্য হলো—
i. শুদ্ধ যুক্তি প্রতিষ্ঠা
ii. বৈধ ও অবৈধ যুক্তির পার্থক্য করা
iii. সহানুমান গঠন করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৭. পরফিরি বিধেয়কের তালিকা থেকে কোনটি বাদ দেন?
ক) সংজ্ঞা খ) জাতি
গ) উপলক্ষণ ঘ) অবান্তর লক্ষণ

৩৮. সহানুমানের সিদ্ধান্তটির ক্ষেত্রে কোনটি সঠিক?
ক) দুটি আশ্রয়বাক্য থেকে সিদ্ধান্ত অনুমিত
খ) দুটি মধ্যপদ থাকবে
গ) একটি আশ্রয়বাক্য থেকে সিদ্ধান্ত অনুমিত
ঘ) তিনটি আশ্রয়বাক্য থেকে সিদ্ধান্ত অনুমিত

**উদ্দীপকটি পড়ে ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও:**
সব বাক্যই যুক্তিবাক্য নয়: যুক্তিবাক্যের উদ্দেশ্য ও বিধেয়ের সম্পর্ক হ্যাঁ সূচক বা না সূচক হতে পারে। না সূচক হলে সেটা বিধেয়ক হতে পারে না।

৩৯. যুক্তিবাক্য হতে হলে—
ক) উদ্দেশ্য, বিধেয় ও সংযোজক থাকতে হবে
খ) উদ্দেশ্য ও বিধেয় থাকতে হবে
গ) উদ্দেশ্য থাকতে হবে
ঘ) বিধেয় থাকতে হবে

৪০. উদ্দীপকে বর্ণিত বাক্য ও যুক্তিবাক্যের মধ্যে সম্পর্ক হলো—
i. বাক্যের পরিধি যুক্তিবাক্য থেকে বিস্তৃত
ii. যুক্তিবাক্যের পরিধি বাক্য থেকে বিস্তৃত
iii. যুক্তিবাক্যের পরিধি বাক্য থেকে সংকীর্ণ
নিচের কোনটি সঠিক?
ক) i, ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ক | ৩ | ঘ | ৪ | গ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | খ | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ক | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | গ |
| | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ক | ৩১ | গ | ৩২ | গ | ৩৩ | ক | ৩৪ | ঘ | ৩৫ | খ | ৩৬ | ক | ৩৭ | ক | ৩৮ | ক | ৩৯ | ক | ৪০ | গ |

http://teachingbd.com